

পিলখানা হত্যাকাণ্ড

হুমায়ূন আহমেদ

মানব এবং দানব

বাঘের গর্ভে সব সময় বাঘ জন্মায়, সাপ জন্ম দেয় সাপের। মানুষ একমাত্র প্রাণী যে মানুষের জন্ম দেয়, আবার দানবের জন্মও দেয়। দানবদের কর্মকাণ্ড দেখে লজ্জায় মাথা নিচু করে আছি, কারণ এই দানবেরা বৃহৎ মানবগোষ্ঠীর অংশ, এরা ভিনগ্রহ থেকে আসেনি।

পিলখানার খুব কাছাকাছি আমি থাকি। বুধবার সকাল থেকেই গুলির শব্দ শুনছিলাম। গুরুত্বের সঙ্গে বিবেচনার কিছু ছিল না। বিডিআর সপ্তাহ চলেছে, তাদের কর্মকাণ্ড থাকতে পারে। অথচ তখন একে একে প্রাণ দিচ্ছিলেন নিরস্ত্র একদল অসহায় মানুষ। অস্ত্রধারী দানবদের ঠেকানোর কোনো উপায় তাঁদের ছিল না। মৃত্যুর আগমূহূর্ত পর্যন্ত তাঁদের চিন্তা-চেতনায় ছিল তাঁদের শিশুসন্তান এবং পরিবার। 'আমরা চলে যাচ্ছি, দানবদের থাবা থেকে তারা রক্ষা পাবে তো?'

পরম করণাময়ের অসীম করুণায় জিম্মিদের প্রায় সবাইকে আমরা রক্ষা করতে পেরেছি।

এই উদ্ধার প্রক্রিয়ায় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্ব জাতি মনে রাখবে কি না আমি জানি না। ব্যক্তিগতভাবে আমি আমৃত্যু মনে রাখব। তিনি যখন বজ্রকঠিন গলায় বললেন, 'কঠোর ব্যবস্থা নিতে আমাকে বাধ্য করবেন না।' তখনই তাঁর কাঠিন্য দানবদের বুকে কাঁপন ধরিয়ে দিল।

টক শোর জমানায় চ্যানেলে নানান টক শো চলেছে। এদের কাউকে কাউকে বলতে শুনেছি-অনেক আগেই মিলিটারি অ্যাকশনে যাওয়া উচিত ছিল। মিলিটারি দেখামাত্র 'বিডিআর ছোকরারা' অস্ত্র ফেলে দৌড় দেবে।

যদি বিদ্রোহীরা তা না করত তখন কী হতো? যে অস্ত্রধারী জানে তার সামনে নিশ্চিত মৃত্যু সে কী পরিমাণ ভয়ঙ্কর হতে পারে এই বিষয়ে কি টক শোর জেনারেল সাহেব জানেন? কতগুলো নারী এবং শিশু তখন তাদের হাতে জিম্মি। যেকোনো মূল্যে এদের আমাদের রক্ষা করতে হবে। এবং তাই করা হয়েছে।

নানান দুঃখকষ্টের ভেতর দিয়ে আমরা এগুচ্ছি বসে আমাদের হৃদয়ে কাঠিন্য চলে এসেছে। সহজে আমাদের চোখ অশ্রুসজল হয় না। বিডিআরের এই ঘটনা পুরো জাতিকে কাঁদিয়েছে। দানবেরা কি এই অশ্রুর মূল্য জানে?

সেনাবাহিনীর সাজোয়া গাড়ি যখন বিডিআর গেট দিয়ে প্রথম ঢুকছে তখন সাজোয়া গাড়ির চালক কাঁদছিলেন। তাঁর সঙ্গে আমিও কাঁদছিলাম।

পুলিশের আইজি নূর মোহাম্মদ সাহেবকে দেখেও আমার চোখ ভিজে উঠল। তিনি তাঁর মেয়েজামাইকে হারিয়েছেন। হৃদয়ে কপাট লাগিয়ে পুলিশ বাহিনীকে নিয়ে শান্তমুখে নিজ দায়িত্ব পালন করে যাচ্ছেন। আহা রে!

সুজনহারারা যে রাস্তায় দাঁড়িয়ে কাঁদছিলেন তার নাম বীর উত্তম এম এ রব সড়ক। মহান স্বাধীনতা যুদ্ধের একজন বীর উত্তম। দানবেরা তাদের ঐতিহ্য ভুলে গেছে? বীরশ্রেষ্ঠ ল্যান্স নায়েক মুন্সি আবদুর রউফ এবং বীরশ্রেষ্ঠ ল্যান্স নায়েক নূর মোহাম্মদ শেখ তো তাদেরই পূর্বসূরি। যারা দেশের স্বাধীনতার জন্য জীবন উৎসর্গ করেছিলেন।

স্বামীহারা কিছু মহিলার হতাশ ছবি টিভিতে দেখলাম। তাঁরা বলছেন, 'এখন আমাদের সন্তানদের কীভাবে মানুষ করব?' ঠিক তাঁদের মতোই একদিন আমার মা-ও কাঁদতে কাঁদতে বলছিলেন, 'আমি আমার ছয়টা ছেলেমেয়েকে কীভাবে মানুষ করব?' তখন তাঁর পাশে কেউ ছিল না। পরম করণাময় আমার মা এবং তাঁর সন্তানদের ওপর করুণাধারা বর্ষণ করেছেন।

যেসব স্বামীহারা মা আজ সন্তানদের চিন্তায় অস্থির হচ্ছেন তাঁদের বলছি, আপনাদের পেছনে পুরো জাতি আছে। পরম করণাময়ের করুণাধারার বর্ষণ শুরু হয়ে গেছে।

আমার খুব ইচ্ছা করছে পিতাহারা সন্তানদের পাশে বসে কিছুক্ষণ গল্প করি। তাদের পিঠে হাত রেখে বলি-এই দিন দিন নয়, আরও দিন আছে। এই দিনেরে নিবে তোমরা সেই দিনেরো কাছে।

হুমায়ূন আহমেদ: কথাসাহিত্যিক।